

ইনট্রান কি ?

ইনট্রান গোপনীয়তা রক্ষাকারী এবং ফী বিহীন একটি সেবা সংস্থা (সার্ভিস)। আমরা ব্রিটিশ আকার-ইংগিত ভাষার দোভাষী, ঠোট-বক্তা এবং ১৫০ টি ভাষায় বিদেশী ভাষায় অনুবাদকের (দোভাষীর) ব্যবস্থা করে থাকে।

দোভাষীর ভূমিকা

- সব ইনট্রান দোভাষী পেশাদার, তারা ব্যাপক প্রশিক্ষণপ্রাপ্ত এবং পুলিশ দ্বারা তাদের পরিচয় যাচাই করা হয়েছে।
- অনুবাদক আপনার এবং কর্মচারীর (স্টাফ) মধ্যে কথা বলতে সুবিধা করে দেয়।
- কর্মচারী কি বললেন তার জন্য দোভাষীরা দায়ী নন। কি কথা বলা হচ্ছে তা আপনি বুঝতে না পারলে, অনুগ্রহ করে বলবেন।
- দোভাষী কোন উপদেশ বা পরামর্শ দেবেন না, তবে কর্মচারীর সাথে কথা বলতে আপনাকে সাহায্য করবেন।
- সাক্ষাৎকারের সময় যা কিছু আলোচিত হবে তার গোপনীয়তা রক্ষা করা হবে।

ইনট্রান কোথায় পাবেন ?

যেখানে আপনি  চিহ্ন দেখবেন সেখানে একজন আপনাকে আপনার ভাষায় সাহায্য করতে পারবেন।

উদাহরণ স্বরূপ, নিচের সেবা সংস্থাগুলি আপনার সাথে দোভাষীর মাধ্যমে কথা বলতে পারে :

- চিকিৎসক (ডাক্তার)
- ঔষধ বিশেষজ্ঞ (ফার্মাসিস্ট)
- আবাসন (হাউজিং)
- বিদ্যালয় (স্কুল)
- পুলিশ
- হাতপাতাল
- সমাজ সেবা
- গ্রন্থাগার (লাইব্রেরী)

অন্যান্য সেবার ব্যাপারে ইনট্রানের প্রাপ্যতা সম্বন্ধে আপনি নিশ্চিত না থাকলে, আপনার ইনট্রান কার্ড কর্মচারীকে দেখান অথবা তাকে জিজ্ঞাসা করুন যে আপনি একজন দোভাষী পেতে পারেন কি।

ইনট্রান ব্যবহারের প্রয়োজন হলে আপনাকে এইগুলি করতে হবে

- আপনি কোন ভাষায় কথা বলেন তা কর্মচারীকে জানান
- অথবা
- আপনার ইনট্রান কার্ডটি দেখান
- অথবা
- আপনাকে একটি কার্ড/পোস্টার দেখানো হবে, যেটাতে আপনি যে ভাষায় কথা বলেন তার প্রতি মনযোগ আকর্ষণ করতে পারেন।
- এরপর
- ওরা দোভাষীর জন্যে ফোন করা কালীন সময়ে অপেক্ষা করুন।
- আপনার কি প্রয়োজন তা দোভাষীকে টেলিফোনের মাধ্যমে ব্যাখ্যা করুন।
- আপনার প্রয়োজনীয় তথ্যের পরিমাণ স্বল্প হলে, তা আপনাকে টেলিফোন-দোভাষীর মাধ্যমে ব্যাখ্যা করা যেতে পারে।
- যদি সাক্ষাৎকারের প্রয়োজন হয়, আপনাকে তার তারিখ ও সময় জানিয়ে দেয়া হবে। সাক্ষাৎকারের সময় সাধারণত আপনার জন্য একজন মুখোমুখি, তবে অনেক সময় টেলিফোনের মাধ্যমে, দোভাষীর ব্যবস্থা করা হবে।